ঃ**BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)**
1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

সংবাদ বিজ্ঞপ্তি

Seminar on
“Rethinking Water Futures: Youth Leadership, Justice, and Cooperation”
BIISS Auditorium, Dhaka
08 October 2026

বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) ০৮ অক্টোবর ২০২৬ তারিখে **“Rethinking Water Futures: Youth Leadership, Justice, and Cooperation”** শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী - ১ **জনাব হুমায়ুন কবির** অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **জনাব মোঃ শহীদউদ্দীন চৌধুরী এ্যানি এমপি**। অধিবেশনে সভাপতিত্ব এবং স্বাগত বক্তব্য প্রদান করেন বিআইআইএসএস-এর মহাপরিচালক **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, জি**।

অনুষ্ঠানের কর্ম অধিবেশনে **মালিক ফিদা খান**, নির্বাহী পরিচালক, Centre for Science, Technology, Policy, and Diplomacy; **শেখ মুহম্মদ মেহেদী আহসান**, Principal Adaptive Planning Specialist, Deltares, Netherlands এবং Vice President (01), Bangladesh Institute of Planners (BIP); এবং **জেরিন আহমেদ**, সাবেক Technical Coordinator, Y&W Engagement, Transboundary Rivers of South Asia, Oxfam International, প্যানেলিস্ট হিসেবে বক্তব্য প্রদান করেন।

স্বাগত বক্তব্যে **মেজর জেনারেল আ স ম রিদওয়ানুর রহমান, এডব্লিউসি, এএফডব্লিউসি, পিএসসি, জি,** বাংলাদেশের জন্য পানি ব্যবস্থাপনা ও আন্তঃসীমান্ত পানি সহযোগিতার গুরুত্বের ওপর আলোকপাত করেন। তিনি পানি কূটনীতি, ন্যায়সঙ্গত পানি ব্যবস্থাপনা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করতে যুবসমাজের সক্রিয় অংশগ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন।

সম্মানিত অতিথির বক্তব্যে **জনাব হুমায়ুন কবির** বহুপাক্ষিক প্ল্যাটফর্মে পানি কূটনীতির গুরুত্ব এবং বাংলাদেশের জন্য আন্তর্জাতিক সহযোগিতা, প্রযুক্তি স্থানান্তর ও বৈজ্ঞানিক অংশীদারিত্বের সুযোগসমূহ তুলে ধরেন। তিনি আন্তঃসীমান্ত পানি ব্যবস্থাপনায় বাংলাদেশের স্বার্থ রক্ষায় কার্যকর আন্তর্জাতিক সম্পৃক্ততা এবং সমমনা দেশগুলোর সঙ্গে সহযোগিতা জোরদারের গুরুত্ব তুলে ধরেন।

আলোচনায় আন্তঃসীমান্ত নদী ও পানি সম্পদ ব্যবস্থাপনায় ন্যায়বিচার, অন্তর্ভুক্তিমূলক শাসন, তথ্য ও বৈজ্ঞানিক সহযোগিতা, বহুপাক্ষিক পানি কূটনীতি এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্বের বিভিন্ন দিক উঠে আসে। আলোচকরা পানি ব্যবস্থাপনাকে শুধু সম্পদ বণ্টনের বিষয় হিসেবে নয়, বরং পরিবেশ, অর্থনীতি, খাদ্য নিরাপত্তা, জীবিকা এবং আঞ্চলিক শান্তি ও সহযোগিতার সঙ্গে সম্পৃক্ত একটি বহুমাত্রিক বিষয় হিসেবে বিবেচনার ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে আন্তঃসীমান্ত পানি ব্যবস্থাপনার সিদ্ধান্ত গ্রহণ ও নীতি প্রণয়নে তরুণদের অর্থবহ অংশগ্রহণ এবং যুব নেতৃত্বের জন্য অধিক সুযোগ সৃষ্টির ওপর জোর দেওয়া হয়।

প্রধান অতিথির বক্তব্যে **জনাব মোঃ শহীদউদ্দীন চৌধুরী এ্যানি এমপি**, বাংলাদেশের পানি সম্পদ ব্যবস্থাপনা ও আন্তঃসীমান্ত পানি সহযোগিতার ক্ষেত্রে ন্যায়সঙ্গত ও টেকসই সমাধানের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। তিনি পানি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সব অংশীজনের অংশগ্রহণ এবং ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থকে নীতিনির্ধারণের কেন্দ্রে রাখার আহ্বান জানান।

বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, কূটনীতিক, গবেষক, শিক্ষাবিদ, পানি ও পরিবেশ বিশেষজ্ঞ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ, যুব প্রতিনিধি, বেসরকারি খাতের প্রতিনিধি, নাগরিক সমাজের সদস্য, এনজিও প্রতিনিধি, বিভিন্ন থিঙ্ক ট্যাঙ্কের প্রতিনিধিগণ এবং গণমাধ্যম ব্যক্তিত্বরা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। মুক্ত আলোচনা পর্বে অংশগ্রহণকারীদের মূল্যবান মতামত ও অভিজ্ঞতা সেমিনারের আলোচনাকে সমৃদ্ধ করে।

BANGLADESH INSTITUTE OF INTERNATIONAL AND STRATEGIC STUDIES (BIISS)
1/46, Old Elephant Road, Ramna, Dhaka- 1000, Bangladesh

Press Release

Seminar on

“Rethinking Water Futures: Youth Leadership, Justice, and Cooperation”

BIISS Auditorium, Dhaka
08 October 2026

The Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) organised a Seminar on **“Rethinking Water Futures: Youth Leadership, Justice, and Cooperation”** on 08 October 2026. **Humaiun Kobir, State Minister-1, Ministry of Foreign Affairs, Government of the People’s Republic of Bangladesh,** delivered the keynote speech as the Guest of Honour. **Md. Shahiduddin Chowdhury Anee MP, Minister, Ministry of Water Resources, Government of the People’s Republic of Bangladesh,** attended the event as the Chief Guest. The session was chaired by **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G,** Director General of BIISS, who also delivered the welcome address.

During the working session, **Malik Fida Khan,** Executive Director, Centre for Science, Technology, Policy, and Diplomacy; **Shaikh Muhammad Mehedi Ahsan,** Principal Adaptive Planning Specialist, Deltares, Netherlands, and Vice President (01), Bangladesh Institute of Planners (BIP); and **Zerin Ahmed,** Former Technical Coordinator, Y&W Engagement, Transboundary Rivers of South Asia, Oxfam International, participated as Panellists.

In his welcome address, **Major General A S M Ridwanur Rahman, awc, afwc, psc, G,** highlighted the importance of water management and transboundary water cooperation for Bangladesh. He emphasised the need for meaningful youth participation in water diplomacy, equitable water governance and sustainable management of water resources for future generations.

In his keynote speech, **Humaiun Kobir** highlighted the importance of water diplomacy on multilateral platforms and discussed opportunities for Bangladesh to strengthen international partnerships, technology transfer and scientific cooperation. He spoke of the importance of effective international engagement and stronger cooperation with like-minded countries in advancing Bangladesh’s interests in transboundary water management.

The discussions addressed various dimensions of transboundary water management, including water justice, inclusive governance, scientific and data cooperation, multilateral water diplomacy and public-private partnerships. The panellists emphasised the need to view water management not just as an issue of resource allocation but also as a multidimensional concern closely connected with the environment, economy, food security, livelihoods, peace and regional cooperation. The discussions also brought to the forefront the importance of creating meaningful opportunities for youth leadership and participation in decision-making and policy processes related to transboundary water governance.

In his speech, the Chief Guest, **Md. Shahiduddin Chowdhury Anee MP,** spoke of the importance of equitable and sustainable approaches to water resource management and transboundary water cooperation. He emphasised the need for inclusive participation of relevant stakeholders and for ensuring that the interests of future generations remain an integral consideration in water governance and policymaking.

Senior officials from various ministries and government agencies, diplomats, researchers, academics, water and environmental experts, faculty members and students from different universities, youth representatives, private-sector representatives, civil society members, NGO representatives, think-tank representatives and media professionals participated in the event. Their valuable views and experiences during the open discussion session enriched the deliberations of the Seminar.